

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২২৫

তারিখ: ৮ আশ্বিন ১৪২৫

২৩ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: ঢাকা মহানগরীর খিলগাঁও থানাধীন গোড়ান আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবুল হোসেন মিলন কর্তৃক অর্থ আত্মসাৎ ও বিনামূল্যের সরকারি বই বিক্রির অভিযোগ প্রসংগে।
সূত্র: পরিদর্শন ও নীরিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ডিআইএ/সিটি/২০০৪-এস/ঢাকা, তারিখ: ০৩ এপ্রিল ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রবর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর খিলগাঁও থানাধীন গোড়ান আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবুল হোসেন মিলন কর্তৃক ৩১৩৫ জন ছাত্র/ছাত্রীর জন্য অতিরিক্ত বই গ্রহণ করে ১৩টি স্বীকৃতিবিহীন শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ সংক্রান্ত অভিযোগের সত্যতা পাওয়া গেছে। শিক্ষার্থী অপেক্ষা অতিরিক্ত বই গ্রহণের অভিযোগ প্রমাণিত হয়েছে।

০২। উপরোক্ত অভিযোগ প্রমাণিত হওয়ায় ঢাকা মহানগরীর খিলগাঁও থানাধীন গোড়ান আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবুল হোসেন মিলন-এর বেতন-ভাতাদি কেন বন্ধ করা হবে না তার ব্যাখ্যা গ্রহণপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ০১/৯/২০১৬ তারিখে পরিদর্শন ও নীরিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে আর্থিক অনিয়মের বিষয়ে যে ব্রডসীট জবাব দাখিল করা হয়েছে সে বিষয়েও মতামত প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,
ঢাকা

২৩-৯-২০১৮

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২২৫/১(২)

তারিখ: ৮ আশ্বিন ১৪২৫

২৩ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৩-৯-২০১৮

আনোয়ারুল হক

উপসচিব